গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঝিনাইদহ
www.dgfood.gov.bd

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার নিম্নোক্ত চালকল মালিক কর্তৃক আমন সংগ্রহ/২০২৩-২০২৪ এর কার্যক্রমের আওতায় অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ এবং এ সংক্রান্ত জারিকৃত আদেশসমূহ অনুসরণ পূর্বক এলএসডিতে (সরকারি খাদ্য গুদামে) চাল সরবরাহের নিমিত্ত নিম্নস্বাক্ষরকারীর সাথে চুক্তিবদ্ধ হওয়ায় নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-এর সুপারিশের ভিত্তিতে প্রত্যেকের নামের পার্শ্বে বর্ণিত পরিমাণ চালের বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রঃ নং | মিলের নাম | মালিকের নাম | লাইসেন্স নং | মিলের পাক্ষিক ক্ষমতা | বরাদ্দকৃত চালের পরিমাণ (মে.টনে) | জামানতের বিপরীতে বস্তার পরিমাণ | সংযুক্ত এলএসডি | চাল সরবরাহের সর্বশেষ তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| (১) | মের্সাস জহুরুল এগ্রোফুড অটো রাইচ মিল | শেখ জহুরুল হক | ২০/আর | ১২৪৮.০০০ | ৫১৫.৬৭০ | ৩৩৩৬ | কালীগঞ্জ এলএসডি | ১৯/১২/২৩ | জামানতের বিপরীতে জমাকৃত বস্তার চালের বিল প্রদান পূর্বক পুনরায় বস্তা সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো (যদি প্রয়োজন হয়) |
| (২) | মের্সাস জিবননেছা রাইচ মিল | মোঃ সাইদুর রহমান | ০৪/আর | ৩০.০০০ | ১২.৩৯০ | ৪১৩ | -ঐ- | ১৯/১২/২৩ | |
| (৩) | মের্সাস আরাবিয়া রাইচ মিল | মোঃ তোফিক এলাহি | ০৫/আর | ৫১.০০০ | ২১.০৬০ | ৭০২ | -ঐ- | ১৯/১২/২৩ | |
| (৪) | মের্সাস পুষ্পরাণী রাইচ মিল | ভক্ত কুমার মৈত্র | ১৮৫/আর | ৪৫.০০০ | ১৮.৫৭০ | ৬১৯ | -ঐ- | ১৯/১২/২৩ | |
| (৫) | মের্সাস সাহা রাইচ মিল | লক্ষণ কুমার সাহা | ১০/আর | ৪৪.০০০ | ১৮.১৫০ | ৬০৫ | -ঐ- | ১৯/১২/২৩ | |
| (৬) | মের্সাস তারা ট্রের্ডাস রাইচ | নিপুন কুমার বিশ্বাস | ২৪/আর | ৬৭.০০০ | ২৭.৭২০ | ৯২৪ | বারবাজার এলএসডি | ১৯/১২/২৩ | |
| (৭) | মের্সাস মা-মনসা রাইচ মিল | প্রোঃ প্রবীর কুমার সাহা | ১২/আর | ৫২.০০০ | ২১.৪৮০ | ৭১৬ | -ঐ- | ১৯/১২/২৩ | |
| (৮) | মের্সাস কবির রাইচ মিল | প্রোঃ মোঃ কবির হোসেন | ১১/আর | ৫২.০০০ | ২১.৪৮০ | ৭১৬ | -ঐ- | ১৯/১২/২৩ | |

## মিলারদের জন্য শর্তাবলী

(১) সংশ্লিষ্ট চালকল মালিককে নিজ মিলে আমন সংগ্রহ/২০২৩-২০২৪ মৌসুমের ধান সিদ্ধ, শুকানো ও উত্তমভাবে ছাঁটাই করে বিনির্দেশ মানের ফলিত চাল নির্ধারিত এলএসডিতে (সরকারি খাদ্য গুদামে) সরবরাহ করতে হবে। কোন ক্রমেই এর ব্যত্যয় করা যাবে না।

(২) খালি বস্তার একপিঠে এলএসডি ও জেলার নামসহ সংগ্রহ মৌসুম আমন ২০২৩-২৪ স্পষ্টভাবে লেখা স্টেনসিল দিয়ে মিলারকে বস্তা সরবরাহ করতে হবে। মিল থেকে সরাসরি গৃহীত চাল এবং ধান ছাঁটাইয়ের প্রাপ্ত ফলিত চাল, উভয় ক্ষেত্রে বস্তার অপর পিঠে নিচের দিকে মিলের নাম সম্বলিত স্টেনসিলের সুস্পষ্ট ছাপ (অক্ষর এবং সংখ্যার আকার কমপক্ষে ২ ইঞ্চি) প্রদান করবেন। স্টেনসীলের ছাপবিহীন খাদ্যশস্য ভর্তি কোন বস্তা গ্রহণ করা হবে না।

(৩) মিল থেকে গৃহীত চাল বোঝাই বস্তার মুখ মেশিনে সেলাই হতে হবে।

(৪) বিনির্দেশ মোতাবেক প্রস্তুতকৃত চাল পরিদর্শনকারী কর্মকর্তার প্রত্যয়ন ও নমুনাসহ নির্ধারিত এলএসডিতে (খাদ্য গুদামে) সরবরাহ করবেন।

(৫) বরাদ্দপ্রাপ্ত মিলার সমুদয় চাল একবারে বা কিস্তিতে (০৫ (পাঁচ) মেঃ টনের নিম্নে নহে) সরবরাহ করতে পারবেন। কোন ক্ষেত্রে বরাদ্দের পরিমাণ ০৫ (পাঁচ) মেঃ টনের কম হলে একবারেই সরবরাহ করবেন।

(৬) সংগ্রহ মূল্য পরিশোধের নিমিত্ত সংশ্লিষ্ট পেয়িং ব্যাংকে চালকলের লাইসেন্স অনুযায়ী মিল/ মিলারের নামে হিসাব (একাউন্ট) খুলতে মিলারকে অনুরোধ করা হলো।

(৭) মিলের প্রস্তুতকৃত চাল পরীক্ষা ও যাচাই করার সময় যাতে চাল প্রস্তুতের সকল প্রক্রিয়া সম্পর্কে পরিদর্শন কর্মকর্তা লিপিবদ্ধ করতে পারেন সে জন্য মিলারগণকে একটি পরিদর্শন বই মিলে সংরক্ষণ করতে হবে।

চালমান পাতা-২

(৮) যে সমস্ত চালকল মালিক চলতি আমন সংগ্রহ/২০২৩-২০২৪ মৌসুমে চুক্তি সম্পাদন করবে, তাদেরকে নিধারিত সময়সীমার মধ্যে চাল সরবরাহ করতে ব্যর্থ হলে এবং সংগ্রহ কেন্দ্রে আনীত চাল একাধিকবার বিনির্দেশ বহির্ভূত হিসেবে প্রত্যাখ্যাত হলে চুক্তি ও বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্তসহ আইনানুগ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৯) চুক্তিপত্রের শর্ত ভঙ্গ বা উল্লিখিত নির্দেশের কোন খেলাপ বা বিনির্দেশ মানের চাল সরবরাহ না করলে সংশিষ্ট মিলারদের বরাদ্দ আদেশ বাতিলসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, প্রত্যয়ন পত্র প্রদানকারী কর্মকর্তা ও এলএসডি'র কর্মকর্তাদের জন্য নির্দেশাবলী:

(১) মিলার কর্তৃক প্রত্যয়নপত্রসহ সরবরাহকৃত চাল পরীক্ষান্তে বিনির্দেশভুক্ত পাওয়া গেলে ক্রয়কারী কর্মকর্তা সংশিষ্ট সকল রেকর্ডপত্র সংরক্ষণ করতঃ ওজন, মান ও মজুদ সনদের মাধ্যমে মূল্য পরিশোধ করবেন। পরিমাণ ও মান নিশ্চিত হয়ে মূল্য পরিশোধকারী কর্মকর্তা পেমেন্ট-অর্ডার দেবেন।

(২) প্রতি মেট্রিক টন চালের মূল্য ৪৪,০০০/০০ (চুয়াল্লিশ হাজার) টাকা দ্রুত পরিশোধ করবেন। খাদ্য মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক চাল ক্রয়ের ক্ষেত্রে কেবলমাত্র সংশ্লিষ্ট মিলারের হিসাবের অনুকূলে ডব্লিউকিউএসসি এর মাধ্যমে মূল্য পরিশোধের বাধ্যবাধকতা থাকায় চালের মূল্য সংশ্লিষ্ট মিলারের অনুকূলে পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো।

(৩) সংগ্রহ নীতিমালা অনুসরণ পূবক মিল ওয়ারী পরিদর্শন কর্মকর্তা/ কর্মচারী নিযুক্ত করতে হবে।

(৪) চাল প্রস্তুতকরণ প্রক্রিয়া *পরিদর্শনকারী (খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক)* **মিল পরিদর্শনের সময়** প্রস্তুতকৃত *চাল যথাযথভাবে মিলে প্রস্তুত করা হয়েছে এবং দৃশ্যতঃ বিনির্দেশ সম্মত* **প্রতীয়মান** *হয় মর্মে* **০২ (দুই) প্যাকেট নমুনা গ্রহণ করত: ০১ টি মিলে ও ০১ (এক)টি পরিদর্শনকারী কর্মকর্তা সংগ্রহ পূর্বক** *প্রত্যয়নপত্র* **জারি করবেন।** *প্রত্যয়নপত্র ও নমুনা ছাড়া কোন চাল* **এলএসডি (***খাদ্য গুদামে) গ্রহণযোগ্য হবে না"।*

(৫) প্রতিটি ক্রয়কেন্দ্রে সর্বসাধারণের দৃশ্যমান জায়গায় ২ মিটার দৈর্ঘ্য ও ১.৫ মিটার প্রস্থে হলুদ বোর্ডে লাল অক্ষরে প্লাষ্টিক রং দিয়ে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী চালের বিনির্দেশ এবং সংগ্রহ মূল্য লেখা সাইনবোর্ড টাঙ্গিয়ে রাখতে হবে।

(৬) আনীত চাল দৃশ্যত: বিনির্দেশ বহির্ভূত হলে ক্রয়কেন্দ্রের কর্মকর্তা নমুনা সংরক্ষণ করে তা ফেরত দিবেন। কোন মিলের চাল একাধিকবার বিনির্দেশ বর্হিভূত হিসেবে প্রত্যাখ্যাত হলে সম্পাদিত চুক্তি ও বরাদ্দ বাতিল হবে।

(৭) বরাদ্দ অনুযায়ী সরবরাহ করা চালের মধ্যে পরবর্তীতে কোন বস্তায় বিনির্দেশ বর্হিভূত চাল পাওয়া গেলে কালো তালিকাভুক্ত করাসহ মিলারের বিরুদ্ধে অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৮) ক্রয়কারী কর্মকর্তা চালের মান যাচাই করে বিনির্দেশের মধ্যে আছে নিশ্চিত হয়ে গ্রহণ করবেন এবং সকল রেকর্ড যথা-এলইউএ (লোডিং-আনলোডিং এ্যাডভাইস), খামাল কার্ড, গুদাম লেজার ইত্যাদিতে লিপিবদ্ধ করার পর ক্রয়কারী কর্মকর্তা হিসেবে WQSC (<u>Weight Quality Stock Certificate</u>) ইস্যু করবেন এবং ২য় ও ৩য় কপি ফরওয়াডিংসহ বাহকের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাংকে প্রেরণ করবেন।

(৯) ক্রয়কেন্দ্রের সংগৃহীত খাদ্যশস্যের বাস্তব মজুত যাচাই ও মান পরীক্ষা করে এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র দেখে পেয়িং অফিসার কেবল ১ম কপি WQSCতে লাল কালি দিয়ে লিখে মূল্য পরিশোধের আদেশ দিবেন। WQSC একাউন্ট পেয়ি হবে এবং নগদায়নের জন্য সর্বোচ্চ সময়সীমা ১০ কার্যদিবস উল্লেখ করতে হবে। মূল্য পরিশোধকারী কর্মকর্তা পরবর্তী দিবসে ব্যাংক স্ক্রলের সংঙ্গে WQSC যাচাই করবেন এবং সাপ্তাহিক ভিত্তিতে বিবরণী তৈরী করে জেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করবেন।

(১০) মূল্য পরিশোধকারী কর্মকর্তা মজুত যাচাই করে WQSC স্বাক্ষর করা ছাড়াও সাপ্তাহিক মজুত হিসাবের দিন (প্রতি বৃহস্পতিবার) WQSC এর সাথে সাপ্তাহিক সংগ্রহ ও মজুত যাচাই করে করে জেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রতিবেদন প্রেরণ করবেন।

(১১) সংগ্রহ নীতিমালা অনুসরণ *পূর্বক* প্রত্যয়নপত্র প্রদান করতে হবে এবং এলএসডিতে (খাদ্য গুদামে) চাল গ্রহণ করতে হবে। ক্রয় কর্মকর্তা, মূল্য পরিশোধকারী কর্মকর্তা এবং মিল পরিদর্শনকারী কর্মকর্তা নীতিমালা অনুসরণ পূর্বক দায়িত্ব পালন করবেন। যে কোন প্রকার ব্যত্যয়ের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। কোন সমস্যা চিহ্নিত হলে তাৎক্ষনিকভাবে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে হবে, যেন কোন অবস্থাতেই সংগ্রহ *কার্যক্রম* ব্যহত না হয় সে দিকে সংশ্লিষ্ট সকলকে দৃষ্টি রাখতে হবে।

স্বাঃ-

(মোঃ মান্নান আলী
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
ঝিনাইদহ
ফোন নং- ০২৪৭৭৭৪৬৮৭০
তারিখ ঃ ০৫/১২/২০২৩ খ্রি.

স্মারক নং- ১৩.০৫.৪৪০০.০০৮.১৬.০০২.২৩- ১২১৬

<u>অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ</u>

১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা।
৩। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ।
৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালীগঞ্জ, ঝিনাইদহ।
৬। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ।
৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (কারিগরী), যশোর ।
৮। কারিগরি খাদ্য পরিদর্শক, ঝিনাইদহ।
৯। খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক, কালীগঞ্জ,ঝিনাইদহ।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কালীগঞ্জ/বারবাজার এলএসডি. ঝিনাইদহ।
১১। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লি: কালীগঞ্জ শাখা, কালীগঞ্জ /কৃষি ব্যাংক, কালীগঞ্জ শাখা, ঝিনাইদহ।
১২। জনাব/মেসার্স ------------------------------------------------------------ । প্রোঃ জনাব------------------------
১৩। অফিস কপি/সংশ্লিষ্ট মিলারের নথি।

জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
ঝিনাইদহ।
০৫/১২/২৩